

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০৩৪.২০১৪-৫৪৩

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ।  
২৫ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ।


**প্রজ্ঞাপন**

যেহেতু, লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার বুড়িমারী ইউনিয়ন পরিষদের সদস্য জনাব হাফিজুল ইসলাম, পবিত্র কোরআন শরীফ অবমাননার কারণে জনাব আবু ইউনুস মো: শহিদুল্লাহ জুয়েল নামে এক ব্যক্তিতে পিটিয়ে হত্যা ও প্রকাশ্যে লাশ পুড়িয়ে দেওয়ার সাথে সম্পৃক্ত থাকার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, লালমনিরহাট বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার বুড়িমারী ইউনিয়ন পরিষদের সদস্য জনাব হাফিজুল ইসলাম, পবিত্র কোরআন শরীফ অবমাননার কারণে জনাব আবু ইউনুস মো: শহিদুল্লাহ জুয়েল নামে এক ব্যক্তিতে পিটিয়ে হত্যা ও প্রকাশ্যে লাশ পুড়িয়ে দেওয়ার সাথে সম্পৃক্ত থাকায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার বুড়িমারী ইউনিয়ন পরিষদের সদস্য জনাব হাফিজুল ইসলাম কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪) (খ) ও (ঘ) অপরাধ সংঘটিত করায় ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মো: আবুজাফর রিপন পিএএ)

উপসচিব

ফোন: ০২২২৩৩৫৩৩৯৪

ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০৩৪.২০১৪-৫৪৩


তারিখ: ১০ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ।  
২৫ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ।

**বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

- ১। জেলা প্রশাসক, লালমনিরহাট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব হাফিজুল ইসলাম, ইউপি সদস্য (সাময়িক বরখাস্তকৃত), বুড়িমারী ইউনিয়ন পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(মো: আবুজাফর রিপন পিএএ)

উপসচিব